



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪-১৬৫


তারিখ: ০১/০৩/২০১৭ খ্রি:।

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” (সংশোধিত) প্রকল্পের স্মারক নং-৬৮, তাঃ- ০২/০২/২০১৭ মূলে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাকে প্রতি মাসে ন্যূনতম ০৬ (ছয়) টি সমিতি পরিদর্শনপূর্বক পরিদর্শনকৃত সমিতির WCSসহ প্রতিবেদন প্রকল্প সদর দপ্তরে প্রেরণ স্বাপেক্ষে বেতন-ভাতা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার আলোকে প্রেরিত ফেব্রুয়ারী ২০১৮ খ্রিঃ এর প্রতিবেদন যাচাই করে বিভিন্ন অসামঞ্জ্যতা পাওয়া যায় (সংযুক্ত)। অসামঞ্জ্যতা পাওয়া উপজেলা সমূহের কর্মকর্তাদের প্রথম বারের মত সতর্ক করে এবং প্রকল্পের অন্যান্য উপজেলায় সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ WCSসহ সমিতি পরিদর্শন প্রতিবেদন সফটকপি যথাসময়ে প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করায় নিহোক্ত দুইটি উপজেলা ব্যতীত অন্যান্য উপজেলা সমূহের প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের ফেব্রুয়ারী/১৮ মাসের বেতন-ভাতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. বাবুগঞ্জ,
২. বাউফল,

সংযুক্তঃ বর্ণণামতে।


(মোহাম্মদ আতিকুর রহমান)

উপ প্রকল্প পরিচালক (ইরেসপো)

বিআরডিবি, ঢাকা।

ফোন নং-০২-৮১৮০১৪৩

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ-

০১. প্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
০২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ.....।
০৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা., জেলাঃ.....।
০৪. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা., জেলাঃ.....।
০৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
০৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
০৮. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

প্রকল্পের কতিপয় সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের প্রদত্ত ফেব্রুয়ারী-২০১৮ এর সাপ্তাহিক কালেকশান শীট (WCS) যাচাই করে নিম্নোক্ত অসামঞ্জস্যতা পাওয়া যায়-

ক্রমণং	উপজেলা নাম	সাপ্তাহিক কালেকশান শীটের অসামঞ্জস্যতা সমূহ
১	চিতলমারী	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা শুধুমাত্র ২৬ এবং ২৭ তারিখে সকল সমিতি পরিদর্শন করে প্রতিবেদন দিয়েছেন।
২	মনিরামপুর	প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা মাঠ সংগঠক এর WCS স্ক্যান করে প্রতিবেদন তৈরী করেছেন।
৩	অভয়নগর	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মাত্র তিনটি সমিতি পরিদর্শন করে প্রতিবেদন দিয়েছেন।
৪	শৈলকুপা	প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা শুধুমাত্র ২৫,২৬,২৭ তারিখ সমিতি পরিদর্শন করে প্রতিবেদন দিয়েছেন।
৫	কালিগঞ্জ,সাতক্ষীরা	প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা মাত্র ২ টি সমিতি পরিদর্শন করে প্রতিবেদন দিয়েছেন।
৬	আগৈলবাড়া	প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা প্রদত্ত WCS অস্পষ্ট, যাচাই করা সম্ভব হয় নাই।
৭	মুলাদী	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর প্রদত্ত দুইটি সমিতি এর WCS ব্যতীত অন্যগুলি অস্পষ্টতার কারণে যাচাই করা সম্ভব হয় নাই।
৮	বোরহানউদ্দিন	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা শুধুমাত্র ১৯.০২.২০১৮ তে সবগুলি WCS প্রিন্ট করে প্রতিবেদন তৈরী করেছেন।
৯	মনপুরা	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিবেদন এ প্রদত্ত সমিতি সমূহের WCS সবগুলিই ০২.০২.২০১৮ তারিখে প্রিন্ট করেছেন।
১০	দশমিনা	প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা প্রদত্ত সমিতি সমূহের WCS সবগুলিই ০৫.০২.২০১৮ তারিখে প্রিন্ট করেছেন।

